উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২১-১০১২(৫০)

তারিখ ঃ ০৬ পৌষ ১৪২৮
২১ ডিসেম্বর ২০২১

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদের ২৯তম মাসিক সভা (ডিসেম্বর, ২০২১ মাসের) আগামী ৩০/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১ঃ৩০ টায় কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

সভার আলোচ্যসূচি ঃ

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন মন্ত্রণালয় / বিভাগ হতে জারীকৃত নতুন পরিপত্র/সার্কুলার/চিঠি-পত্রের বিষয়ে আলোচনা।
০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ / পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৪। বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
০৫। উপজেলা পরিষদের সদস্যগণ কর্তৃক উপস্থাপিত বিষয় সমূহ আলোচনা।
০৬। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা।
০৭। বিবিধ বিষয় আলোচনা।

ক) ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি'র প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
খ) উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত সকল বিভাগের বাসাবাড়ীতে বসবাসকারী কর্মকর্তা/কর্মচারীদের বাসা ভাড়ার অর্থ উপজেলা পরিষদ তহবিলে জমাকরণ বিষয়ে আলোচনা।
গ) উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা।
ঘ) পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার প্রকল্প) এর কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা।
ঙ) উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল ও ইউনিয়ন ওয়েব পোর্টাল আপডেটকরণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
চ) মাল্টিমিডিয়া ক্লাসরুম ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা।
ছ) কমিউনিটি ক্লিনিক পরিচালনার বিষয়ে আলোচনা।
জ) ভিক্ষুক পুর্নবাসন সংক্রান্ত বিষয়ে আলোচনা।

০২। উক্ত সভায় যথাসময়ে অংশগ্রহণ করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল এবং সভার কার্যপত্র (যদি থাকে) আবশ্যিকভাবে আগামী ২৯/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে ই-মেইলে (ই-মেইল নং- narayan14gram@gmail.com) প্রেরণ নিশ্চিত করার জন্যও তাঁকে অনুরোধ করা হ'ল।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
মোবাইল-০১৭৩৩৫৪৯৩৬
ই-মেইল- unocomillasadarsouth@gmail.com

প্রাপক ঃ ....
....
....
ও সদস্য, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০৩৯.০২০.২১- ১০১২(৫০)/১(৭)

তারিখ ঃ ০৬ পৌষ ১৪২৮
২১ ডিসেম্বর ২০২১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৫। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এর সদয় অবগতির জন্য।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাঁকে উপজেলা কমিটির কোন সুপারিশ থাকলে তা এ কার্যালয়ে আগামী ২৯/১২/২০২১ তারিখের মধ্যে ই-মেইলে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৭। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা। তাকে এ নোটিশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
০৮। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

উপজেলা পরিষদ কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের ডিসেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভার সভাপতি	ঃ জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
সভার তারিখ	ঃ ৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার সভার সময় ঃ সকাল ১১ঃ৩০ টা।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা ।
সভার উপস্থিতি	ঃ সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"-তে উল্লেখ করা হলো।

উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব গোলাম সারওয়ার সভায় সভাপতিত্ব করেন। সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণকে আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব শুভাশিস ঘোষ আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো ঃ

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় বিগত ২৪ নভেম্বর, ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের নভেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের সুপারিশ/পরামর্শ বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান, জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় কর্তৃক সময়ে সময়ে মৌখিক ও লিখিতভাবে প্রদত্ত পরামর্শ মোতাবেক কুমিল্লা সদর দক্ষিণ উপজেলা পরিষদের সার্বিক উন্নয়ন কর্মকান্ড পরিচালিত হচ্ছে। তিনি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন বিষয়ে কোন সুপারিশ আছে কিনা সে বিষয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং সকল বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ জানান। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিভাগীয় কর্মকর্তাগণ জানান, তাদের কাছে বর্তমানে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কোন সুপারিশ বাস্তবায়নের অপেক্ষায় নেই।

সিদ্ধান্ত ঃ

ক) জনাব আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি ও মাননীয় অর্থমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং মাননীয় উপদেষ্টা মহোদয় এঁর নিকট হতে মৌখিক ও লিখিতভাবে কোন পরামর্শ পাওয়া গেলে সেবিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

০৪। নুতন কোন সার্কুলার/পরিপত্র বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ ও মুখ্য নির্বাহী কর্মকর্তা কোন বিভাগের নতুন কোন পরিপত্র থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সে প্রেক্ষিতে বিভাগীয় কর্মকর্তাগণ কর্তৃক সভায় কোন নতুল সার্কুলার/ পরিপত্র উপস্থাপন করা হয়নি।

০৫। বিগত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে আলোচনা ঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব-বিভাগের কাজের অগ্রগতির বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

সিদ্ধান্ত ঃ

ক) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ফলোআপ রিপোর্ট এবং সভার কার্যপত্র (যদি থাকে) যথাসময়ে উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তার নিকট জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।

বাস্তবায়নে ঃ বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল।

০৬। বিভিন্ন উপজেলা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে আলোচনা ঃ

ক) জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ৩০ ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অনুষ্ঠিত বিভিন্ন উপজেলা কমিটির সভার কার্যবিবরণী সমূহ সভায় উপস্থাপন করা হয়। উপজেলা কমিটির কার্যবিবরণী সমূহ পর্যালোচনায় দেখা যায়, ডিসেম্বর ২০২১ মাসে ০৯টি উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী সকল উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানান।

সিদ্ধান্ত ঃ

ক) উপজেলা কমিটির সভাসমূহ নিয়মিত অনুষ্ঠিত হওয়ায় সংশ্লিষ্ট উপজেলা কমিটির সভাপতি ও সদস্য-সচিবগণকে উপজেলা পরিষদের

পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়।

বাস্তবায়নেঃ ১। সভাপতি, সংশ্লিষ্ট সকল উপজেলা কমিটি।

২। সদস্য-সচিব (বিভাগীয় কর্মকর্তা), সংশ্লিষ্ট সকল।

০৭। সভায় অনুমোদন যোগ্য উপজেলা কমিটির নিকট হতে প্রাপ্ত প্রস্তাব সমূহের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

ক্রঃ নং	উপজেলা কমিটির নাম	প্রাপ্ত প্রস্তাব ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১	প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি	জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৯/১২/২০২১ তারিখ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এ উপজেলাধীন সানন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও টংগীরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ প্রদানের জন্য এবং ৩১টি বিদ্যালয়ে ওয়াস ব্লক স্থাপনের প্রস্তাব করা হয়েছে।	ক) ইউজিডিপি প্রকল্পের আওতায় এ উপজেলাধীন সানন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও টংগীরপাড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ল্যাপটপ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ফ্যাসিলিটেটর, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়। খ) এ উপজেলাধীন যে সকল বিদ্যালয়ে ওয়াস ব্লক নাই তার তালিকা দাখিলের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	ক) উপজেলা ফ্যাসিলিটেটর, কুমিল্লা সদর দক্ষিণ। খ) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০২	বাজারমূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং বিষয়ক উপজেলা কমিটি	জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১৫/১২/২০২১ তারিখ বাজারমূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বিভিন্ন দ্রব্যের বর্তমান বাজার দরের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী বাজারমূল্য পর্যবেক্ষণ ও মনিটরিং বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০৩	সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটি	জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২২/১২/২০২১ তারিখ সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা সমাজ সেবা বিভাগের দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০৪	মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা কমিটি	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ২২/১২/২০২১ তারিখ মুক্তিযোদ্ধা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় মুক্তিযোদ্ধা ভাতা প্রদান কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তবে অদ্যকার সভায় অনুমোদন প্রয়োজন এমন কোন কাজ/প্রকল্পের প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী সমাজ কল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০৫	জনস্বাস্থ্য ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি	জনাব নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ এর সভাপতিত্বে গত ১২/১২/২০২১ তারিখ জনস্বাস্থ্য ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী জনস্বাস্থ্য ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০৬	অর্থ, বাজেট ও পরিকল্পনা বিষয়ক	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত	ক) উপজেলা হিসাবরক্ষণ অফিসার ও উপজেলা	ক) সভাপতি/ সদস্য-সচিব,

	উপজেলা কমিটি	২৩/১২/২০২১ তারিখ অর্থ, বাজেট ও পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা হিসাবরক্ষণ অফিসার ও উপজেলা ফ্যাসিলিটেটরকে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করার প্রস্তাব করা হয়েছে।	ফ্যাসিলিটেটরকে 'অর্থ, বাজেট ও পরিকল্পনা বিষয়ক উপজেলা কমিটি'র সদস্য হিসাবে কো-অপ্ট করার প্রস্তাব অনুমোদিত হয়।	সংশ্লিষ্ট উপজেলা কমিটি/ উপজেলা হিসাব রক্ষণ অফিসার/ উপজেলা ফ্যাসিলিটেটর।
০৭	যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ২৩/১২/২০২১ তারিখ যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিম্নোক্ত বিষয় সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছেঃ ০১। টেকসই উন্নয়নের লক্ষমাত্রা অনুধাবন এবং যথাযথভাবে অনুসরণের লক্ষে পর্যাপ্ত কর্মশালা/ সম্মেলন আয়োজনের জন্য প্রস্তাব করা হয়েছে। ০২। গ্রীনবেল্ট হিসাবে কলকারখানা/ বাড়িঘরের চর্তুদিকে অন্ততঃ দুই সাড়ি বৃক্ষ রোপনের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করা হয়েছে। ০৩। উপজেলার আশ-পাশের দোকানপাটের ময়লা-আবর্জনা এবং উপজেলা হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনার জন্য ইনসিনারেশন চেম্বার স্থাপনের প্রস্তাব করা হয়েছে। ০৪। উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বারপাড়া আমেনা বেগম উচ্চ বিদ্যালয়ের ভবন সংস্কার করে হলরুম করার প্রকল্প গ্রহণের প্রস্তাব করা হয়েছে। ০৫। রতনপুর-বিজয়পুর রাস্তা থেকে হারিছুর রহমানের বাড়ী পর্যন্ত আরসিসি করার একটি প্রকল্প প্রস্তাব করা হয়েছে। ০৬। বড়ধর্মপুর গ্রামে মোঃ আনোয়ার হোসেনের বাড়ীর পার্শ্বে একটি গার্ড ওয়াল নির্মাণের প্রস্তাব করা হয়েছে।	ক) উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে পার্শ্বে বর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের লক্ষে উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটিতে প্রস্তাবসমূহ উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট উপজেলা কমিটি।
০৮	যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ২১/১২/২০২১ তারিখ যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা যুব উন্নয়ন বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি।
০৯	কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটি	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিন এর সভাপতিত্বে গত ২৬/১২/২০২১ তারিখ কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় উপজেলা কৃষি বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। তবে অদ্যকার সভায় অনুমোদনযোগ্য কোন প্রকল্প প্রস্তাব করা হয়নি।	ক) ডিসেম্বর, ২০২১ মাসে প্রমাপ অনুযায়ী কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা অনুষ্ঠিত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।	ক) সভাপতি/ সদস্য-সচিব, সংশ্লিষ্ট স্থায়ী কমিটি।

০৮। উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা ঃ

সভায় বিভিন্ন বিভাগের উন্নয়ন কার্যক্রম ও অন্যান্য বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	স্থানীয় সরকার প্রকৌশল	ক) জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ অর্থ বছরের দ্বিতীয়	ক) ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং	ক) সভাপতি, সকল

<table>
<tr>
<td></td>
<td>অধিদপ্তর ঃ</td>
<td>প্যাকেজের কাজ সমূহের মধ্যে জোড়কানন পূর্ব ও জোড়কানন পশ্চিম ইউনিয়নের কাজ সমাপ্ত হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে ইউপি চেয়ারম্যানগণের নিকট হতে এখানো কোন প্রকল্প তালিকা পাওয়া যায়নি। তিনি আরো জানান, আনসার ব্যারাক নির্মাণের লক্ষে দরপত্র আহবান করা হবে। তিনি সভায় আরো জানান, নকসা অনুমোদন খাতে আবেদন ফি বাবদ ৪,৮০০/- টাকা এবং অনুমোদন ফি বাবদ ৯৯,৮০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা হয়েছে। নীতিমালা মোতাবেক অনুমোদন ফি এর ৫০% অর্থ সংশ্লিষ্ট সকল ইউনিয়নের মাঝে এবং বাকী ৫০% অর্থ কমিটির সদস্যগণের সম্মানী ভাতা খাতে প্রদানের বিধান রয়েছে। নিম্নে ইউনিয়ন পরিষদ সমূহের মাঝে বন্টনযোগ্য অর্থের হিসাব বিবরনী উপস্থাপন করা হলো ঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>ইউনিয়নের নাম</th><th>মোট অনুমোদন ফি এর পরিমান</th><th>ইউনিয়ন পরিষদের প্রাপ্য হিস্যার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>চৌয়ারা ইউনিয়ন</td><td>৪,০০০/-</td><td>২,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>বিজয়পুর ইউনিয়ন</td><td>৩৩,৮০০/-</td><td>১৬,৯০০/-</td></tr>
<tr><td>৩</td><td>জোড়কানন পুর্ব ইউনিয়ন</td><td>১৩,০০০/-</td><td>৬,৫০০/-</td></tr>
<tr><td>৪</td><td>জোড়কানন পশ্চিম ইউনিয়ন</td><td>২১,০০০/-</td><td>১০,৫০০/-</td></tr>
<tr><td>৫</td><td>বারপাড়া ইউনিয়ন</td><td>২৮,০০০/-</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td>৬</td><td>গলিয়ারা উত্তর ইউনিয়ন</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td>৭</td><td>গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন</td><td>০০</td><td>০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৯৯,৮০০/-</td><td>৪৯,৯০০/-</td></tr>
</table>
তিনি ইউনিয়ন পরিষদের প্রাপ্য হিস্যার অর্থ সংশ্লিষ্ট সকল ইউপির মাঝে এবং কমিটির সদস্যগণের সম্মানীর অর্থ সংশ্লিষ্টদের মাঝে বিতরণের অনুমোদন প্রদানের অনুরোধ জানান।</td>
<td>উপজেলা উন্নয়ন তহবিলের বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্পের প্রস্তাবনা/তালিকা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে জমার দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হয়।
খ) নকশা অনুমোদন ফি খাতে জমাকৃত অর্থের ইউনিয়ন পরিষদের প্রাপ্য হিস্যার ৫০% সংশ্লিষ্ট সকল ইউপির মাঝে এবং অবশিষ্ট ৫০% অর্থ হইতে কমিটির সদস্যগণের সম্মানী খাতে যথানিয়মে বিতরণপূর্বক বাকী টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা দানের জন্য অনুমোদন দেয়া হয়।</td>
<td>উপজেলা কমিটি/ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।
খ) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
<tr>
<td>২।</td>
<td>ইউজিডিপি প্রকল্প বাস্তবায়ন বিষয়ে আলোচনাঃ</td>
<td>জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ২০২০-২১ অর্থ বছরে টেন্ডারকৃত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের(ইউজিডিপি) আওতায় অবকাঠামো উপ-প্রকল্পের "টেন্ডার আইডি নং- ৫৪৬৫৪৫ সংশোধিত ৫৪৭৪৭৫, সিএসডি/INF ২০১৮-১৯-২০১৯৩৩-০২ " প্যাকেজের " ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়াসহ ল্যাপটপ সরবরাহ প্রকল্প" প্রাক্কলিত ব্যয়- ১১,০৫,২৪৭/৫১ (এগারো লক্ষ পাঁচ হাজার দুইশত সাতচল্লিশ টাকা একান্ন পয়সা মাত্র) কাজটি ঠিকাদার কর্তৃক বাস্তবায়ন করা হয়নি। টেন্ডারকৃত মালামালের বর্তমান বাজার দর অনেক বেশি হওয়ায় ঠিকাদার গত ০৮/১২/২০২১ তারিখ কাজটি সম্পাদন করতে অক্ষমতা প্রকাশ করেন। সে প্রেক্ষিতে ০৮/১২/২০২১ তারিখ কাজটির কার্যাদেশ বাতিল করা হয়েছে। স্থানীয় বাজার দর যাচাই করে দেখা গেছে- প্রকৃত পক্ষে মাল্টিমিডিয়া ও ল্যাপটপের বর্তমান বাজার দর অনেক বেশি। ফলে পূর্বের প্রাক্কলন মোতাবেক উল্লিখিত কাজটি বাস্তবায়ন করা মোটেই সম্ভব হবে না। তাই স্থানীয় চাহিদার কথা বিবেচনায় এনে উপজেলা "প্রকল্প যাচাই-বাছাই কমিটি" পূর্বের প্রাক্কলিত ব্যয়ে পরিশিষ্ট "খ"-তে বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান সমূহে ডেস্কটপ কম্পিউটার, কম্পিউটার টেবিলসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহের একটি উপ-প্রকল্প প্রস্তাব অনুমোদনের সুপারিশ করেণ। তিনি উক্ত প্রস্তাবটি সভায় উপস্থাপন করেন এবং অনুমোদনের অনুরোধ জানান।</td>
<td>ক) বিস্তারিত আলোচনান্তে পরিশিষ্ট "খ"-তে উপস্থাপিত উপ-প্রকল্প প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।</td>
<td>ক) উপজেলা নির্বাহী অফিসার ও ইউডিএফ, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

০৯। বিবিধ আলোচনাঃ

<table>
<tr>
<td>ভিশন-২০২১ঃ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে আলোচনাঃ

ক) ইউনিয়ন ডিজিটাল</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় ভিশন-২০২১ ডিজিটাল বাংলাদেশ অগ্রগতি ও অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের কার্যক্রম, কম্পিউটার শিক্ষার প্রসার এবং সাইবার অপরাধের বিষয়ে উপজেলা আইসিটি কমিটি/ফোরামের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে</td>
<td>ক) ইউআইএসসি এর কার্যক্রমে আরো গতিশীলতা আনতে হবে এবং ইউআইএসসি- এর উদ্যোক্তাগণ কর্তৃক নিয়মিতভাবে দৈনিক আয়ের</td>
<td>ক) চেয়ারম্যান, সকল ইউপি, কুমিল্লা সদর দক্ষিণ।</td>
</tr>
</table>

সেন্টার(ইউডিসি) ঃ	অনুরোধ জানান। তিনি উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদানের অনুরোধ জানান।	তথ্য আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে। খ) উপজেলার ওয়েব পোর্টালকে আরো তথ্য সমৃদ্ধ ও নান্দনিক করার লক্ষ্যে বিভাগীয় কর্মকর্তাগণ স্ব-স্ব বিভাগের কর্মকান্ডের যাবতীয় তথ্যাদির সফট কপি সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিকট জমা দিবেন।	খ) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর/ বিভাগীয় কর্মকর্তা, সকল।
খ) আমার বাড়ী আমার খামার প্রকল্পের কার্যক্রম বিষয়ে আলোচনা।	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক তার বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রমের বিষয়ে সভায় বিস্তারিত বক্তব্য প্রদান করেন এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের ঋণ বিতরণ ও আদায়সহ কার্যক্রমের বিস্তারিত তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি সভায় জানান, জনপ্রতিনিধিদের সহায়তায় ঋণ আদায় ও বিতরণের অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে।	ক) যারা ঋণ নিতে চায় তাদেরকে ঋণ দিতে হবে এবং যাদের পূর্বের লেনদেন ভালো তাদেরকে আগে ঋণ প্রদান করতে হবে।	ক)শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা সদর দক্ষিণ।
গ) ভিক্ষুকমুক্তকরণ বিষয়ে আলোচনা।	জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, ভিক্ষুকমুক্তকরণের উদ্দেশ্যে প্রাথমিকভাবে যে ১০(দশ)জনকে নির্বাচিত করা হয়েছে তাদের পুর্নবাসন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।	ক) নির্বাচিত ০৭ জন ভিক্ষুককে পুর্নবাসনের কার্যক্রম দ্রুত শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।	ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।
ঘ) সুয়াগাজী বাজারের ময়লা-আর্জনা পরিস্কার করণ বিষয়ে আলোচনা	জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, সুয়াগাজী বাজারের ব্রীজের কাছে মাছ বাজারের অনেক ময়লা- আবর্জনা ফেলা হচ্ছে। এতে এলাকার পরিবেশ দুষিত হচ্ছে।	ক) সুয়াগাজী বাজারের ব্রীজের কাছে মাছ বাজারের অনেক ময়লা- আবর্জনা ফেলা বন্ধ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের উপস্থিতিতে ব্যবসায়ীদের নিয়ে একটি সভা করার জন্য চেয়ারম্যান, জোড়কানন পশ্চিম ইউপিকে অনুরোধ করা হয়।	ক) চেয়ারম্যান, জোড়কানন পশ্চিম ইউপি।
ঙ) উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত সকল বিভাগের বাসাবাড়ীর ভাড়া পরিষদ তহবিলে জমাকরণ বিষয়ে আলোচনা।	জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, মন্ত্রী পরিষদ বিভাগ এর ৩০/৪/১৯৮৬ তারিখের সিডি ডিএ-২/১/১(৪)/৮৪-১১৬ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদের নিকট ন্যাস্ত সরকারি বাসভবন সমূহের ভাড়া আদায় এবং রক্ষণাবেক্ষণ বিষয়ে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ ২ এর বিধানমতে উপজেলা পরিষদ স্বাস্থ্য কেন্দ্রে অবস্থিত বাসভবনসহ উপজেলা পরিষদের ন্যস্ত সমস্ত বাসভবনের বাসা ভাড়া উপজেলা পরিষদ তহবিলে জমা হবে মর্মে নির্দেশনা রয়েছে। সে মোতাবেক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহের বাসা ভাড়া উপজেলা পরিষদ তহবিলে জমা না হওয়ার বিষয়ে বিস্তারিত তথ্য চেয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা এর সাথে পত্র যোগাযোগ করা হলে তিনি উল্লিখিত বিষয়ে চাহিত বিস্তারিত তথ্য না দিয়ে শুধু জানিয়েছেন, আবাসিক ভবন সমূহে বসবাসকারীদের বাসা ভাড়ার অর্থ সরকারি আবাসন কোডে জমা হয়। তিনি তার পত্রে আরো জানিয়েছেন- উর্ধতন কর্তৃপক্ষ হতে পরবর্তী নির্দেশনা প্রাপ্তি সাপেক্ষে বিষয়টি সম্পর্কে বিশদ অবহিত করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরে অবস্থিত বাসভবন সমূহের বাসা ভাড়ার অর্থ জমার বিষয়ে বর্তমানে কী নীতিমালা রয়েছে সে বিষয়ে সদয় নির্দেশনা চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ।

চ) উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ বিষয়ে আলোচনা।	জনাব মোঃ হাবিবুল বাশার চৌধুরী, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ সভায় জানান, উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করার লক্ষে উপজেলা পরিষদের অভ্যন্তরে ১২০০ বঃ ফুট আয়তনের ভূমি নির্বাচন করে স্ক্যাচ ম্যাপ প্রস্তুতের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।	ক) উপজেলা পর্যায়ে কৃষি যন্ত্রপাতি ও উপকরণ সংরক্ষণাগার নির্মাণ করার লক্ষে উপজেলা পরিষদের অভ্যন্তরে ১২০০ বঃ ফুট আয়তনের ভূমি নির্বাচন করে স্ক্যাচ ম্যাপ প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণকে অনুরোধ করা হয়।	ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ।
ছ) উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমের প্রমানাদি উপজেলা পরিষদের ওয়েব পোর্টালে আপলোডকরণ বিষয়ে আলোচনা।	জনাব শুভাশিস ঘোষ, মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ ও উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রম সময়মত সম্পাদন করা এবং কার্যক্রমের তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে সহকারী প্রোগ্যারকে বক্তব্য প্রদানের অনুরোধ জানান। সে প্রেক্ষিতে সহকারী প্রোগ্রামার সভায় জানান তথ্যাদি উপজেলার ওয়েব পোর্টালে আপলোড করার কার্যক্রম চলছে, অল্প কিছু দিনের মধ্যে তা শেষ হবে।	ক) উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ কার্যক্রম সমূহ যথাসময়ে ওয়েব পোর্টালে আপলোড করার কাজ দ্রুত সম্পাদন এবং তথ্য আপলোড কার্যক্রম নিয়মিত মনিটর করার জন্য গঠিত কমিটিকে পুনরায় অনুরোধ করা হয়।	ক) উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ ও আহবায়ক।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম সারওয়ার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা

স্মারক নং- ০৫.৪২.১৯৩৩.০০০.০১.০০২.২২- ১০(৫০)

তারিখ ঃ ২৫ পৌষ ১৪২৮
০৯ জানুয়ারি ২০২১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০৭। অর্থমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৮। উপজেলা .... অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান,..ইউনিয়ন পরিষদ (সকল), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
১০। সংরক্ষণ নথি।

শুভাশিস ঘোষ
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা
ফোন- ০১৭৩৩৩৫৪৯৩৬
ই-মেইল: unocomillasadarsouth@gmail.com

পরিশিষ্ট "ক"

৩০/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

(প্রতিনিধি সদস্যবৃন্দ)

ক্রঃ নং	নাম, পদবী ও ঠিকানা	উপস্থিতি		
		উপস্থিত	অনুপস্থিত	মন্তব্য
০১	জনাব গোলাম সারওয়ার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০২	জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৩	মিসেস নাছিমা আক্তার পুতুল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৪	জনাব মোঃ খোরশেদ আলম, চেয়ারম্যান, বিজয়পুর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৫	জনাব মোঃ আবুল কালাম আজাদ,চেয়ারম্যান, চৌয়ারা ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৬	জনাব মোঃ ওবায়েদুর রহমান, চেয়ারম্যান, গলিয়ারা উত্তর ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৭	জনাব মোঃ জামাল উদ্দিন প্রধান, চেয়ারম্যান, গলিয়ারা দক্ষিণ ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৮	জনাব মোঃ সেলিম আহাম্মদ, চেয়ারম্যান, বারপাড়া ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৯	জনাব মোঃ হাবিছ মিয়া, চেয়ারম্যান, জোড়কানন(পূর্ব) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১০	জনাব মোঃ হাসমত উল্লাহ, চেয়ারম্যান, জোড়কানন(পশ্চিম) ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	

(কর্মকর্তা সদস্যবৃন্দ)

ক্রঃ নং	নাম, পদবী ও ঠিকানা	উপস্থিতি		
		উপস্থিত	অনুপস্থিত	মন্তব্য
০১	জনাব শুভাশিস ঘোষ, উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০২	ডাঃ মোঃ আশ্রাফুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও পরিঃ পরিঃ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৩	জনাব দেবাশীষ চৌধুরী, অফিসার ইন চার্জ, কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানা, কুমিল্লা	উপস্থিত	-	
০৪	জনাব মোঃ শাহ জালাল, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৫	জনাব মেহেদী হাসান, উপজেলা প্রকৌশলী, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৬	জনাব মোঃ হাবিবুল বাশার চৌধুরী, উপজেলা কৃষি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৭	ডাঃ মোঃ ইসমাইল হোসেন,উপজেলা প্রানী সম্পদ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৮	জনাব শামীমা শারমীন, উপজেলা সমাজ সেবা অফিসার ,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
০৯	জনাব পারভীন আক্তার, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১০	জনাব মোহাম্মদ মিজানুর রহমান, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১১	জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১২	জনাব নাসরিন আক্তার, কো-অর্ডিনেটর, একটি বাড়ি একটি খামার প্রকল্প, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৩	জনাব মোঃ আবদুল মালেক, উপজেলা সমবায় অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৪	জনাব মোঃ মজিবুর রহমান, উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৫	জনাব মোঃ হারুন-অর-রশীদ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৬	জনাব তাজমুন নাহার খায়ের, উপজেলা পরিসংখ্যান অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৭	জনাব তারেক মোল্লা , উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৮	জনাব মোঃ ফজলে রাব্বী সরকার, ফরেস্ট্রার,কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
১৯	মিসেস নিলীমা আক্তার, সহকারী উপজেলা মৎস্য অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২০	জনাব জান্নাতুল খুলদ, উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২১	জনাব মোঃ খলিলুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২২	জনাব মোঃ এনামুল হক ভূঞা , উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২৩	জনাব মোঃ ফজলে রাব্বী, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২৪	বেগম সালমা খাতুন, সহকারী প্রোগ্রামার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২৫	জনাব মুহাম্মদ রায়হান আরেফীন, উপজেলা নির্বাচন অফিসার , কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	-	অনুপস্থিত	
২৬	মোসাঃ রাবেয়া সুলতানা, তথ্যসেবা কর্মকর্তা (তথ্য আপা) তথ্য কেন্দ্র, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	উপস্থিত	-	
২৭	জনাব শিমুল কান্তি সরকার, উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	-	অনুপস্থিত	